রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, আগস্ট ৩, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**
**শিল্প শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: "কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিক ব্যতীত ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিক" এর জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ-২০২৬**

নং **৪০.০৪.০০০০.০০০.০০২.৩৬.০০১০.২০.১৪৭**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯(১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮(১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক প্রণীত **"কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিক ব্যতীত ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিক"** এর জন্য নিম্নতম মজুরি হারের **খসড়া সুপারিশ, ২০২৬** জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত **"কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিক ব্যতীত ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিক"** এর নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ৪০, সেগুনবাগিচা, শাহ পোরশিয়া (১৪তম তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান।


মূল্য : টাকা ৮.০০

## “কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিক ব্যতীত ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিক” এর জন্য নিম্নতম মজুরি হার

## খসড়া সুপারিশ-২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ১০-০৩-২০২৫ তারিখের প্রজ্ঞাপন মূলে (নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০১৮.১২-২৫ তারিখ: ১০-০৩-২০২৫ খ্রিস্টাব্দ) নিম্নতম মজুরী বোর্ডে “কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিক ব্যতীত ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিক” এর নিম্নতম মজুরি হার সুপারিশ করার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। বোর্ডে প্রজ্ঞাপনের অনুলিপি প্রেরণসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০১৮.১২-২৬ তারিখ: ১০/০৩/২০২৫ খ্রিস্টাব্দ মূলে বিধি মোতাবেক “কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিক ব্যতীত ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিক” এর নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যান-কে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ডের উদ্যোগে “কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিক ব্যতীত ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিক” এর জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে বোর্ডের সচিব ও পরিসংখ্যান সহকারী কর্তৃক মোবাইলে অডিও/ভিডিও কলের মাধ্যমে নাটোর এলাকায় অবস্থিত **গ্রীণ ভ্যালি পার্ক, স্টেট ফার্স্ট কুরিয়ার সার্ভিস, নিউ বিসমিল্লাহ মটর সার্ভিসিং, আমানা বিগ বাজার, গোবিন্দ কামারের দোকান, ও শেখ ইলেকট্রিক** এ ৬ (ছয়)টি কারখানা/প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের সাক্ষাৎকার গ্রহণ করে তথ্য সংগ্রহ করা হয়।

বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের দাখিলকৃত মজুরি প্রস্তাব ও প্রতিবেদনসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা মোতাবেক শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক “কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিক ব্যতীত ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিক”এর জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে **খসড়া সুপারিশ** পেশ করিল:

১। সরকার কর্তৃক যে সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের শ্রমিকদের জন্য পৃথক নিম্নতম মজুরি কাঠামো ঘোষণা করা হইয়াছে বা হইবে, সে সকল শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের জন্য বর্ণিত মজুরি প্রযোজ্য হইবে না, তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি কাঠামো যদি তফসিলে বর্ণিত নিম্নতম মজুরি অপেক্ষা কম হয়, তাহা হইলে সে সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিকদের জন্য তফসিলে বর্ণিত মাসিক নিম্নতম মজুরি প্রযোজ্য হইবে।

২। তফসিলে বর্ণিত নিম্নতম মজুরির হার কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিকদের জন্য প্রযোজ্য হইবে না।

৩। যে সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানে শ্রমিকদের জন্য পৃথক নিম্নতম মজুরি কাঠামো ঘোষণা করা হয় নাই সে সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিককে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে, সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদেরকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিলে উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিক ব্যতীত ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিক" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

৭। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৮। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)" অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৯। শর্ত (৮) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১" এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১০। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক (Time rate/Daily Basis) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা, কম মজুরি প্রাপ্ত না হন।

১১। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিকগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬" এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১২। এই সুপারিশে উল্লিখিত "নিম্নতম মজুরি" সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিকগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৪০৩০/- ( চার হাজার ত্রিশ) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৪২৩১.৫০ (চার হাজার দুইশত একত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৪২৩১.৫০ (চার হাজার দুইশত একত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৪৪৪৩/-(চার হাজার চারশত তেতাল্লিশ) টাকা হইবে।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণ "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৪। উক্ত শ্রমিকদের কার্যকাল বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

১৫। এই সুপারিশের উদ্দেশ্য পূরণকল্পে "তরুণ" ও "কিশোর অর্থে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর অধীন অনুমোদিত ক্ষেত্রে নিয়োজিত শিশুও অন্তর্ভুক্ত হইবে।

১৬। এই সুপারিশের কোনো অংশ বাংলাদেশে প্রচলিত "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

**স্বাক্ষরিত**

(মামুনুর রশিদ)
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

**স্বাক্ষরিত**
(মো: নাজিম উদ্দিন ভূঁঞা)
নিরপেক্ষ সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

**স্বাক্ষরিত**
(আসিফ আইয়ুব)
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

**স্বাক্ষরিত**
(আনোয়ার হোসাইন)
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

**স্বাক্ষরিত**
(মুহাম্মদ হাবিবুর রহমান)
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

**স্বাক্ষরিত**
(আশরাফুল ইসলাম)
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

**তফসিল**

**শ্রমিকদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক | ৪৪৩০/- | ১৭৭২/- | ৫০০/- | ৩০০/- | ৭০০২/- |
| ২। | কিশোর শ্রমিক | ৪০৭৫- | ১৬৩০/- | ৫০০/- | ৩০০/- | ৬৫০৫/- |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd